

বাগেরহাটে পিসি কলেজ ছাত্র সংসদ নির্বাচন পণ্ড

ছাত্রদল-ছাত্রশিবির সংঘর্ষ ৥ পুলিশসহ আহত ৭০, আটক ১০

বাগেরহাট থেকে নিজস্ব সংবাদদাতা : ছাত্রদল ও ছাত্র শিবিরের লাগাতার সংঘর্ষে বৃহস্পতিবার সরকারি পিসি কলেজ চত্বর রক্তাক্তে পরিণত হয়। সংঘর্ষে ২০ পুলিশ, ৫০ ছাত্র আহত হয়েছে। এ অবস্থায় ছাত্র সংসদ নির্বাচন পণ্ড হয়ে যায়। পুলিশ এ পর্যন্ত ১০ জনকে আটক করলেও ৫ জনের নাম পাওয়া গেছে।

বৃহস্পতিবার সরকারি পিসি কলেজ ছাত্র সংসদ নির্বাচনে বিকেল সাড়ে ৩টার ছাত্রদল নিশ্চিত পরাক্রম টের পেয়ে ব্যালট বাগ্ন ছিনতাই এবং ছাত্র শিবির ক্যাডার কাজী আদম আলীকে ছাত্রদল কর্মীরা একটি

হাতুড়ি ও পাইপসহ আটক করে তাকে বেদম প্রহার করে পুলিশের হাতে তুলে দেয়। এতে শিবির ক্যাডাররা ক্ষিপ্ত হয়ে ছাত্রদলের ওপর কাঁপিয়ে পড়লে দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বাধে। এ অবস্থায় পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণ আনতে চেষ্টা করলে ছাত্রদল ও ছাত্র শিবির ইউপাটিকেল নিক্ষেপ করে। এতে ২০ পুলিশ আহত হয়। এদের মধ্যে ১১ জন কনস্টেবলকে বাগেরহাট হাসপাতালে ভর্তি করা হয়েছে। কর্তৃপক্ষ বৃহস্পতিবার সন্ধ্যা থেকে ছাত্রাবাস থেকে ছাত্রদের ছল ড্যাগের নির্দেশ দিয়েছে। সংঘর্ষ : পৃঃ ২ কঃ ৫

সংঘর্ষ : পিসি কলেজে

(১১ পৃষ্ঠার পর)

বাগেরহাট থানায় আটক ছাত্রদল ও শিবিরের কর্মীরা হলো কাজী আদম আলী, অনুপ শিকদার, মই চক্রবর্তী, আরিফ হামান ও শেখ সাজ আহমেদ। অন্যদের নাম এ রিপোর্ট দেখা পর্যন্ত জানা যায়নি। পরিস্থিতি অশান্ত। ছাত্র সংসদ নির্বাচন ফলাফল ঘোষণা করা হয়নি। ছাত্রদলী পূর্বাঙ্কে নির্বাচন বর্জন করে। এ ঘটনায় ছাত্রদলীগণ তীব্র নিন্দা জানিয়েছে। সর্বশেষ নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়েছে।